

কেন্দ্রের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ  
মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	ড. মোঃ মহসীন আলী এমডিএস (পিঅ্যান্ডএস) ও টিম লিডার, এপিএ টিম
সভার তারিখ	০২ মার্চ ২০২৩ খ্রি.
সভার সময়	সকাল ৯:৩০ টা
স্থান	রেস্টুর'স কনফারেন্স রুম, আইটিসি
উপস্থিতি	সংযুক্তি 'ক'

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভায় জানান, কেন্দ্রের এপিএ লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে ও সঠিকভাবে অর্জনের জন্যে রেস্টুর মহোদয় সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে সচেতন থাকার নির্দেশনা প্রদান করেছেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এপিএ ফোকাল পয়েন্ট কেন্দ্রের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে নির্ধারিত সময়সূচি-লক্ষ্যমাত্রা নিয়ে ধারাবাহিকভাবে আলোকপাত করেন। যা এপিএ'র বর্তমান চিত্র প্রতিফলিত করে। ধারাবাহিক আলোচনার প্রেক্ষিতে, সভায় নিম্নলিখিত বিষয়ে ঐকমত্য ও সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত-১:	কেন্দ্রের এপিএ নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ে অর্জন ও উপযুক্ত প্রমাণক সংরক্ষণ/সংগ্রহে সংশ্লিষ্ট সকলকে সর্বোচ্চ কর্মপ্রয়াস অব্যাহত রাখতে হবে। পূর্ববর্তী অর্থবছরের তুলনায় চলতি বছরের সার্বিক অর্জন যেনো সন্তোষজনক হয় সে বিষয়ে বিশেষভাবে গুরুত্ব দিতে হবে। বাস্তবায়ন ও সহযোগিতায়: সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/অধিশাখা/শাখা ও এপিএ টিম।
সিদ্ধান্ত-২:	সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে পূর্বনির্ধারিত কোনো লক্ষ্যমাত্রা অর্জন অসম্ভব হয়ে পড়লে তার উপযুক্ত প্রমাণ অর্থাৎ সরকারি আদেশ-নির্দেশনাসমূহের সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে দাখিল নিশ্চিত করতে হবে। বাস্তবায়ন ও সহযোগিতায়: সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/অধিশাখা/শাখা ও এপিএ টিম।
সিদ্ধান্ত-৩:	কোনো বিভাগ/অনুবিভাগ/অধিশাখা/শাখা/কমিটি কর্তৃক এপিএ কার্যক্রমসংশ্লিষ্ট অগ্রগতি প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে সুস্পষ্ট ও প্রযোজ্যক্ষেত্রে বিস্তারিত তথ্য প্রেরণ করতে হবে। শুধু 'কার্যক্রম চলমান', 'প্রক্রিয়াধীন' ইত্যাদি মন্তব্য না প্রেরণের অনুরোধ জানানো হয়। বাস্তবায়ন ও সহযোগিতায়: সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/অধিশাখা/শাখা/কমিটি ও এপিএ টিম।
সিদ্ধান্ত-৪:	এপিএ'র কোনো লক্ষ্যমাত্রা অর্জন নির্ধারিত সময়ে ব্যাহত হলে তার যৌক্তিক কারণ অবহিতকরণের অনুরোধ জানিয়ে সংশ্লিষ্ট বিভাগ/অনুবিভাগ/শাখা/কমিটিকে পত্র প্রেরণ করতে হবে। বাস্তবায়ন ও সহযোগিতায়: এপিএ টিম।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মূল্যবান ও সময়োপযোগী অভিমত প্রদানের জন্য উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।




ড. মোঃ মহসীন আলী  
এমডিএস (পিঅ্যান্ডএস) ও টিম লিডার, এপিএ  
টিম

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.০৫.১০৩.২২.৭

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৯  
০৫ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজ্যক্ষেত্রে কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) এমডিএস (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ২) পরিচালক (সকল), বিপিএটিসি, সাভার, ঢাকা
- ৩) সদস্য (সকল), এপিএ টিম, বিপিএটিসি, সাভার, ঢাকা
- ৪) জনাব.....
- ৫) রেস্তুর-এর একান্ত সচিব, রেস্তুর এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (রেস্তুর মহোদয়ের সদয় অবগতির জন্যে)
- ৬) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার-৪ এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (কেন্দ্রের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)



হাসান মূর্তাজা মাসুম  
পরিচালক (পিপিআর) ও এপিএ ফোকাল পয়েন্ট